১৫

দৈনিক সংবাদ

তারিখ ... JUN..4 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

### শিবিখা'র গম বরাদ্দ বন্ধ

# পাঁচ মাস ধরে ধর্মপাশায় শিক্ষা কার্যক্রম ব্যাহত

ধর্মপাশা (সুনামগঞ্জ) থেকে সংবাদদাতা ঃ পাঁচ মাস যাবৎ ধর্মপাশা থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচির গম প্রদান বন্ধ থাকায় থানার শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে।

থানার ৩টি ইউনিয়নের ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু আছে। কিন্তু বিগত পাঁচ মাস যাবৎ গম প্রদান কার্যক্রম বন্ধ থাকায় বিদ্যালয়গুলোতে ছাত্রছাত্রীর উপস্থিতি বর্তমানে হ্রাস পাচ্ছে।

থানা শিক্ষা কর্মকর্তা সূত্রে জানা গেছে, ৩টি ইউনিয়নে তিনজন ডিলার নিয়োগ করা হয়েছে। আগামী বরাদ্দ এলে ডিলারের মাধ্যমে গম প্রদান করা হবে। থানা নির্বাহী অফিসার জানান, ডিলার নিয়োগের বিষয়টি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এখতিয়ারভুক্ত। তারাই এই সিদ্ধান্ত অনুমোদন দেবে। এখনও অনুমোদন আসেনি। তাই গম বিতরণে অনিশ্চিয়তা দেখা দিয়েছে।